# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 12 July, 2025

জমকালো আয়োজনে অনুষ্ঠিত হলো বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল ও রেডিওর সংবাদ উপস্থাপকদের সংগঠন নিউজ ব্রডকাস্টারস অ্যালায়েন্স অব বাংলাদেশ-এনবিএ এর বার্ষিক সাধারণ সভা ও সাংস্কৃতিক সন্ধ্যা ২০২৫।১১ জুলাই শুক্রবার সন্ধ্যায় রাজধানীর একটি অভিজাত ক্লাবে অনুষ্ঠিত হয় এই আয়োজন।

অনুষ্ঠানে এনবিএ প্রেসিডেন্ট ডা. সাকলায়েন রাসেলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ।গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী ।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামী বাংলাদেশের সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার, বিএনপির যুগ্ম মহাসচিব হাবিব উন নবী খান সোহেল, বিএনপির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ব্যারিস্টার নাসির উদ্দিন অসীম, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের উপদেষ্টা ড. মাহদী আমীন, এবি পার্টির চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু, এনডিএম চেয়ারম্যান ববি হাজ্জাজ, বিএনপি মিডিয়া সেলের আহ্বায়ক মওদুদ আলমগীর পাভেল, জাতীয় নাগরিক পার্টি-এনসিপি প্রতিনিধি তাওহীদ হাওলাদার, বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব মুজফফর উদ্দিন সিদ্দিক, এনবিএ প্রধান উপদেষ্টা জাভেদ কারদার।

এনবিএর এই আয়োজন অংশ নিয়ে বক্তারা বলেন, নানা প্রতিবন্ধকতা সত্ত্বেও পেশাদারিত্ব বজায় রেখে কাজ করে যাচ্ছেন সংবাদ উপস্থাপকরা।উত্তরোত্তর সাফল্য কামনা করেন বেসরকারি টেলিভিশন ও রেডিওর সংবাদ উপস্থাপকদের এই সংগঠনের।

দুই পর্বের অনুষ্ঠানের প্রথম অংশে অনুষ্ঠিত হয় বার্ষিক সাধারণ সভা।স্বাগত বক্তব্য রাখেন এনবিএ সাধারণ সম্পাদক রাইসুল হক চৌধুরী। তুলে ধরেন গেলো এক বছরের আর্থিক বিবরণী এবং ভবিষ্যতের কর্মপরিকল্পনা।এসময় এনবিএকে এগিয়ে নিতে নানা দিক নির্দেশনা ও পরামর্শ দেন সদস্য ও উপদেষ্টারা।এছাড়া কণ্ঠভোটে সংখ্যাধিক্যের ভিত্তিতে পাস হয় সংগঠনের গঠনতন্ত্রের কিছু ধারার সংযোজন ও বিয়োজন।দ্বিতীয় পর্বে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক আয়োজন।সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে আগতদের মনোমুগ্ধ করেন এনবিএ পরিবারের সদস্যরা।

এনবিএ বার্ষিক সাধারণ সভা সাংস্কৃতিক সন্ধ্যা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:11

URL: https://timestodaybd.com/public/national/4637214439